

## কোন মুসলিম নিষিদ্ধ কাজ করে ফেলেছে এখন কি করণীয়

আসসালামু আলাইকুম ওয়া রহমতুল্লাহি ওয়া বারাকাতুল্হ  
বিসমিল্লাহির রহমানির রাহীম

আজকের আলোচনার বিষয়বস্তু হচ্ছে: “ কোন মুসলিম  
নিষিদ্ধ কাজ করে ফেলেছে এখন কি করণীয়”।

পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছেঃ সুরা ৩ আল ইমরান  
আয়াতঃ ১৩৫,১৩৬

وَالَّذِينَ إِذَا فَعَلُوا فَاحِشَةً أَوْ ظَلَمُوا أَنْفُسَهُمْ

এবং যারা কোন অশ্লীল কাজ করে ফেলেছে অথবা  
নিজেদের উপর যুলুম করেছে

ذَكَرُوا اللَّهَ

আল্লাহকে স্মরণ করে

فَاسْتَغْفَرُوا لِذُنُوبِهِمْ

এবং নিজেদের পাপের জন্য ক্ষমা প্রার্থনা করে

وَمَنْ يَغْفِرُ الذُّنُوبَ إِلَّا اللَّهُ

আল্লাহ ব্যতীত কে পাপ ক্ষমা করবে?

وَلَمْ يُصِرُّوا عَلَىٰ مَا فَعَلُوا وَهُمْ يَعْلَمُونَ (135)

এবং তারা যা করে ফেলেছে জেনে শুনে তার পুনরাবৃত্তি করে না। (৩:১৩৫)

أُولَٰئِكَ جَزَاؤُهُمْ مَغْفِرَةٌ مِّن رَّبِّهِمْ

ওরাই তারা যাদের পুরস্কার তাদের প্রতিপালকের ক্ষমা

وَجَنَّاتٌ تَجْرِي مِن تَحْتِهَا الْأَنْهَارُ

এবং জান্নাত, যাদের পাদদেশে নদী প্রবাহিত

خَالِدِينَ فِيهَا

সেখানে তারা স্থায়ী বসবাস করবে

وَنِعْمَ أَجْرُ الْعَامِلِينَ (136)

এবং সৎ কর্মশীলদের পুরস্কার কত উত্তম (৩:১৩৬)

পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছেঃ সুরা ৭ আ'রাফ,  
আয়াতঃ ২০০ এবং ২০১

وَأَمَّا يَنْزَغَنَّكَ مِنَ الشَّيْطَانِ نَزْغٌ فَاسْتَعِذْ بِاللَّهِ

যদি শয়তানের কুমন্ত্রণা তোমাকে প্ররোচিত করে তবে  
আল্লাহর কাছে আশ্রয় প্রার্থনা করবে

( 200 ) إِنَّهُ سَمِيعٌ عَلِيمٌ

তিনি সর্বশ্রোতা, সর্বজ্ঞ

إِنَّ الَّذِينَ اتَّقَوْا

যারা তাকওয়ার অধিকারী হয়

إِذَا مَسَّهُمْ طَائِفٌ مِّنَ الشَّيْطَانِ تَذَكَّرُوا

তাদেরকে শয়তান যখন কুমন্ত্রণা দেয় তখন তারা  
আল্লাহকে স্মরণ করে

( 201 ) فَإِذَا هُمْ مُبْصِرُونَ

এবং তৎক্ষণাৎ তাদের চক্ষু খুলে যায়

একটি হাদীস বুখারি, মুসলিম, তিরমিযী, নাসায়ী,  
আবুদাউদ, ইবনে মাজাহ্, আহমদ

١٨٠٧- وَعَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ  
 مَنْ حَلَفَ فَقَالَ فِي حَلْفِهِ بِاللَّاتِ وَالْعُزَّى فَلْيُقْلُ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَمَنْ قَالَ لِصَاحِبِهِ  
 تَعَالَ أَقَامِرُكَ فَلْيَتَّصِدُقْ. مُتَّفَقٌ عَلَيْهِ.

হযরত আবু হুরায়রাহ(রাঃ) থেকে বর্ণিত। নবী করীম(সাঃ) বললেন,যে ব্যক্তি হলফ করে বলল, 'লাত' ও 'উযযার' শপথ, সে যেন বলে 'লা ইলাহা ইল্লাল্লাহু- আল্লাহ ছাড়া কোন ইলাহ নেই।"যার যে ব্যক্তি নিজের সার্থীকে বলল, এস জুয়া খেলি; সে যেন জুয়া না খেলে তার বদলে কিছু সাদ্কা করে।

( বুখারি-৪৮৬০, মুসলিম- ১৬৪৭, তিরমিযী -১৫৪৫, নাসায়ী- ৩৭৩৫, আবু দাউদ- ৩২৪৭, ইবনে মাজাহ- ২০৯৬, আহমাদ ৮০২৫।)

মক্কার মুশরিকরা 'লাত' ও 'উযযার' পূজা করত।

প্রিয় ভাই ও বোনেরা, শয়তানের প্রোরচনায় আমরা অন্যান্য কাজ করে বসি, এমনকি শিরক পর্যন্ত হয়ে যায়। কি কি কাজ করলে এবং কি কি বললে শিরক হয় এটা জানা খুবই জরুরী। যদি মনে বিশ্বাস করি হুজুর/বুজুর্গ আমার রোগ ভালো করে দেবেন, তার কাছে গেলে আমার সন্তান হবে ইত্যাদী শিরকী ধারণা ও শিরকী কাজ। এ ছাড়াও রয়েছে মিথ্যা বলা, ধোকা দেওয়া, প্রতারণা করা, যুলুম করা, অন্যের হক নষ্ট করা, ইত্যাদি কাজ আমাদের দ্বারা সঙ্ঘটিত হলে আল্লাহর কাছে ক্ষমা চাইতে হবে। আল্লাহ ক্ষমাশীল। তিনি ক্ষমা করে দেবেন। হিংসা(হুজুরে হুজুরে হিংসা), ভাই বোনদের মধ্যে , মু'মিনদের মধ্যে হিংসা, পাড়া প্রতিবেশীদের মধ্যে হিংসা। এই হিংসা থেকে

আমাদেরকেও ক্ষমা চাইতে হবে আল্লাহর কাছে। আল্লাহ  
আমাদেরকে ক্ষমা করুন। আমীন।

আসসালামু আলাইকুম ওয়া রহমতুল্লাহি ওয়া বারাকাতুহ।